**<u>উদ্যোগেরনামঃ</u>**

বিশ্বজুড়ে চলমান করোনাভাইরাস প্রাদুর্ভাব মোকাবেলায় সারাদেশে ঘোষিত ‘ঘরে থাকুন, নিরাপদে থাকুন’ এর আওতায় জেলা প্রশাসন, খুলনার তত্ত্বাবধানে এবং শিশু হাসপাতাল, খুলনার সহযোগিতায় **‘Providing Home to Home Emergency Medical Services in Corona Crisis through Digital System’** কার্যক্রম।

**<u>ভিশনঃ</u>**

সামাজিক দুরত্ব নিশ্চিত করে ডিজিটাল ব্যবস্থাপনার মাধ্যমে নাগরিকদের যথাযথ চিকিৎসাসেবা নিশ্চিত করা।

**<u>মিশনঃ</u>**

বিশ্বজুড়ে চলমান করোনা সংক্রমণ প্রতিরোধে দেশব্যাপী ঘোষিত “ ঘরে থাকুন, নিরাপদে থাকুন” নিশ্চিত করার উদ্দেশ্যে  এসএমএস/ইমেইল/ফোনকল এর মাধ্যমে ঘরে বসেই নাগরিকদের প্রাথমিক চিকিৎসাসেবা প্রদান এবং  প্রয়োজনে টেলিমেডিসিন অথবা সরাসরি মেডিকেল টিমের মাধ্যমে প্রয়োজনীয় চিকিৎসাসেবা নিশ্চিত করা।

**<u>উদ্যোগ বাস্তবায়নের রোডম্যাপঃ</u>**

- প্রচারিত মোবাইল নাম্বার বা মেইল আইডিতে এসএমএস/ইমেইল/ফোনকল
- চিকিৎসক কর্তৃক ফোন/এসএমএস/ইমেইলে প্রয়োজনীয় চিকিৎসা পরামর্শ প্রদান
- প্রয়োজন সাপেক্ষে টেলিমেডিসিন বা সরাসরি বাড়িতে গিয়ে রোগী দেখার ব্যবস্থা করা
- চিকিৎসক কর্তৃক ফলোআপ করা
- চিকিৎসা সংক্রান্ত তথ্যাদি ডিজিটাল ডাটাবেইজে সংরক্ষণ করা

**চিকিৎসাসেবা প্রদানপদ্ধতি:**

জেলা প্রশাসনের তত্ত্বাবধানে বাড়ি বাড়ি চিকিৎসাসেবা প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপ নেয়া হয়ঃ

১। জেলা প্রশাসন, খুলনার কর্মকর্তাগণ এবং শিশু হাসপাতাল, খুলনার চিকিৎসকদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়।

২। শিশু হাসপাতাল, খুলনা এর সম্মেলনকক্ষে একটি ডিজিটাল কন্ট্রোলরুম স্থাপন করা হয়।

৩। চিকিৎসক, নার্স এবং অন্যান্য স্বাস্থ্যকর্মীদের নিয়ে মেডিকেল টিম প্রস্তুত রাখতে রোস্টার তৈরি করা হয়।

৪। ডিজিটাল মিডিয়া/ প্রিন্ট মিডিয়া এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারণার ব্যবস্থা করা হয়।

৫। মোবাইল ফোনে ফোনকল করলে ফোনেই প্রয়োজনীয় চিকিৎসা পরামর্শ দেয়া হয়।

৬। এসএমএস/ ইমেইল পেলে সেবাপ্রত্যাশীকে নির্ধারিত নাম্বার থেকে ফোনকল করা হয় এবং প্রয়োজনীয় চিকিৎসাসেবা প্রদান করা হয়।

৭। চিকিৎসক প্রয়োজন মনে করলে কন্ট্রোলরুমে স্থাপিত ডিজিটাল ল্যাবের সাহায্য নিয়ে ভিডিও কনফারেন্সের আয়োজন করে চিকিৎসা প্রদান করেন।

৮। এছাড়াও চিকিৎসক যদি সরাসরি সাক্ষাতের প্রয়োজন করেন সেক্ষেত্রে পর্যাপ্ত পার্সোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট দ্বারা নিরাপত্তা নিশ্চিত করে নির্ধারিত দুরত্ব বজায় রেখে বাড়িতে গিয়ে চিকিৎসাসেবা প্রদান করেন।

৯। চিকিৎসক কর্তৃক ফলোআপ নিশ্চিত করা হয়।

১০। ডিজিটাল ডাটাবেইজ এর মাধ্যমে সকল তথ্য সংরক্ষণ করা হয়।

**ডাটাবেইজপ্রস্তুতিরপদ্ধতি:**

'ProvidingHome to Home Emergency Medical Services in Corona Crisis through Digital System' কার্যক্রমের ডাটাবেইজ তৈরির জন্য নিম্নোক্ত পদক্ষেপ নেওয়া হয়েছেঃ

১। একটি মোবাইল অ্যাপ তৈরি করা হয়েছে এবং একটি কেন্দ্রীয় সার্ভার তৈরি করে অ্যাপের সাথে সাথে সংযুক্ত করা হয়েছে।

২। নিয়মিত ডাটাবেইজ হালনাগাদ করার জন্য একটি আইটি টিম প্রস্তুত করা হয়েছে।

৩। নিয়মিত রোগীদের যাবতীয় তথ্যাদি মোবাইল অ্যাপে আপলোডের ব্যাবস্থা করা হয়েছে।

৪। চিকিৎসকদের দ্বারা নিয়মিত তথ্যাদি মনিটর করা হচ্ছে এবং ফলোআপ লিপিবদ্ধ করা হচ্ছে।

**ভবিষ্যৎকর্মপরিকল্পনা:**

'ProvidingHome to Home Emergency Medical Services in Corona Crisis through Digital System' কার্যক্রমের মাধ্যমে যেসব রোগীদের চিকিৎসাসেবা দেয়া হচ্ছে তার যাবতীয় তথ্য ডাটাবেইজে সংরক্ষিত থাকবে এবং ভবিষ্যতে সেসব সেবাগ্রহীতাদের প্রয়োজন সাপেক্ষে সেসব মেডিকেল রেকর্ডকে কাজে লাগিয়ে যথাযথ চিকিৎসাসেবা নিশ্চিত করা হবে। করোনা ভাইরাস মহামারীর ব্যাপ্তিকাল অনিশ্চিত বিধায় যতদিন প্রয়োজন ততদিন এই কার্যক্রমের মাধ্যমে নাগরিকদের ঘরে বসে এ চিকিৎসাসেবা নিশ্চিত করা যাবে।